

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ ১ঃ৩৪৬২(শৃঙ্খলা)/(২০১৭-২০১৮)/২০১৯-২০২০/

তারিখঃ ২০.০৮.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আনিসুর রহমান, কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, তামুলখানা শাখায় কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি, প্রতারণা ও আত্মসাতমূলক অপরাধের জন্য ১৯/১৭-১৮ নং শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা রুজু করিয়া ০১.০১.২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৬২/ ২০১৭-২০১৮/২২৮৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আনিসুর রহমান আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দন্ডে দণ্ডিত করা হইবে না- এইমর্মে ৩১.১২.২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ ১ঃ৩৪৬২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/১৯৪৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ আনিসুর রহমান প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ৩১.১২.২০১৮ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছেন। এমতাবস্থায়, কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি, প্রতারণা ও আত্মসাতমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ আনিসুর রহমান আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্থায়ী ঠিকানা

জনাব মোঃ আনিসুর রহমান (এ-৬২৭২)  
কর্মকর্তা  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
মুখ্য আঞ্চলিক কার্যালয়,  
ফরিদপুর।

গ্রাম- পশ্চিম খাবাসপুর  
পোঃ ফরিদপুর সদর  
থানা- কোতোয়ালী  
জেলা- ফরিদপুর

স্বাক্ষরিত

(লুৎফুন নাহার নাজ)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ ১ঃ৩৪৬২(শৃঙ্খলা)/(২০১৭-২০১৮)/২০১৯-২০২০/ ৪১৬ (৭)

তারিখঃ ২০.০৮.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ আদেশটি নথিতে সংরক্ষণের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন) / কেন্দ্রীয় হিসাব বিভাগ/ পরিধারণবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। সংশ্লিষ্ট কর্মকর্তার বরখাস্তের আদেশটি বাংলাদেশ ব্যাংকের Corporate Memory Management System (CMMS)-এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ আনিসুর রহমান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর পূর্বক উক্ত রশিদটি অত্র বিভাগে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, তামুলখানা শাখা, ফরিদপুর-কে কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রমাণিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণের অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। নথি/মহানথি।

(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক